নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড
ISO 9001:2015, ISO 14001:2015 & ISO 45001:2018 Certified
(বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের একটি প্রতিষ্ঠান)
মানবসম্পদ ও প্রশাসন বিভাগ
www.nwpgcl.gov.bd

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ইউটিসি বিল্ডিং (লেভেল ৩ ও ৪), ৮ পান্থপথ, কাওরানবাজার, ঢাকা -১২১৫, ফোনঃ +০২-৪৮১২২১১৭

...

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আব্দুস সামাদ<br>নির্বাহী পরিচালক (প্রকৌশল) |
| সভার তারিখ | ৩০.০৫.২৩ |
| সভার সময় | ১১.০০ ঘটিকা |
| স্থান | সভাকক্ষ |
| উপস্থিতি | ... |

**শুদ্ধাচার/ সুশাসন বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় সভার কার্যবিবরণী**

নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ-এর কর্পোরেট অফিসে গত ৩০/০৫/২৩ তারিখে কোম্পানির অংশীজনের অংশগ্রহণে শুদ্ধাচার/ সুশাসন বিষয়ে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিঃ-এর কর্পোরেট অফিস, বিদ্যুৎ কেন্দ্র ও প্রকল্প দপ্তরসমূহ থেকে বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাবৃন্দ অংশগ্রহণ করেন। এছাড়াও, সভায় কোম্পানির অংশীজন (stakeholder) হিসেবে বহিঃসংস্থা হতে নিম্নোক্ত ব্যক্তিবর্গ অংশগ্রহণ করেনঃ

| | |
|---|---|
| ১ | জনাব মোঃ আবু রায়হান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী, পিজিসিবি |
| ২ | জনাব কাজি নওশাদ আজম, নির্বাহী প্রকৌশলী (এনার্জি অডিট), বাবিউবো |
| ৩ | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, নির্বাহী প্রকৌশলী (এনার্জি অডিট), বাবিউবো |
| ৪ | জনাব নাসিম আহমেদ, ব্যবস্থাপক (অপারেশন), পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিঃ |
| ৫ | জনাব অসিত পোদ্দার, নির্বাহী প্রকৌশলী, নেসকো |
| ৬ | খন্দকার রবিউল ইসলাম, উপজেলা নির্বাহী অফিসার, মোল্লারহাট উপজেলা, বাগেরহাট |
| ৭ | জনাব রাজীব বড়াল জয়, সহকারী প্রকৌশলী, সুন্দরবন গ্যাস কোম্পানি লিঃ |
| ৮ | জনাব মোঃ রিয়াজুল ইসলাম, উপ-সহকারী প্রকৌশলী, পিজিসিবি |
| ৯ | জনাব রহিমা আক্তার হেনা, ওয়ার্ড কাউন্সিলর, খালিশপুর, খুলনা |
| ১০ | জনাব মোসাঃ মনিজা বেগম, ওয়ার্ড মেম্বার, সয়দাবাদ ইউনিয়ন পরিষদ, সিরাজগঞ্জ |
| ১১ | জনাব এসএম বাদল, ইউনিয়ন পরিষদ সদস্য, উদয়পুর ইউনিয়ন পরিষদ, মোল্লারহাট উপজেলা, বাগেরহাট |

| | |
|---|---|
| ১২ | জনাব এবিএম জাহিদুল ইসলাম, চেয়ারম্যান, এবিএম ওয়াটার কোঃ লিঃ |
| ১৩ | জনাব মোঃ আব্দুল হান্নান, স্বত্বাধিকারী, ঐশ্বর্য্য কর্পোরেশন |
| ১৪ | জনাব মোঃ ইমরুল শাহরিয়ার, লিন্ডে বাংলাদেশ |
| ১৫ | জনাব হাসান শরীফ, মারুবেনি কর্পোরেশন |
| ১৬ | জনাব মোঃ আমিনুল্লাহ, মিতসুবিশি কর্পোরেশন |
| ১৭ | জনাব হাবিবুর রহমান, পদ্মা অয়েল কোম্পানি লিঃ |
| ১৮ | জনাব শায়লা শওকত অন্তরা, এডমিন এক্সিকিউটিভ, সেম্বকর্প |

আলোচনার শুরুতে, সভাপতি কোম্পানির অংশীজন হিসেবে বিদ্যুৎ বিভাগ, বাবিউবো, পিজিসিবি, সুন্দরবন গ্যাস কোম্পানি লিঃ, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিঃ-এর পাশাপাশি বিদ্যুৎ কেন্দ্র এলাকার স্থানীয় সরকার ও উন্নয়ন অংশীদারের প্রতিনিধিদের সভায় উপস্থিত থাকার জন্য ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এর পাশাপাশি নওপাজেকো কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান।

অতঃপর, অত্র কোম্পানির শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়নের বিষয়ে বিশদ আলোচনা হয়। এতদবিষয়ে, সভাপতি মহোদয় উল্লেখ করেন, অত্র কোম্পানির শুদ্ধাচার কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি সন্তোষজনক। তবে, বাৎসরিক লক্ষ্যমাত্রা অর্জনের লক্ষ্যে শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ ও সেমিনার এবং প্রকল্পের পিআইসি সভা দ্রুত আয়োজনের বিষয়ে তিনি পরামর্শ প্রদান করেন। এছাড়াও, বাজেট বাস্তবায়নের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের বিষয়ে জোরদার পদক্ষেপ গ্রহণের জন্য তাগাদা প্রদান করেন। সকল কার্যক্রম বাস্তবায়নের পাশাপাশি যথাযথ প্রমাণক সংগ্রহ করা ও যথাসময়ে বিদ্যুৎ বিভাগে দাখিল করার পরামর্শ প্রদান করেন।

এপর্যায়ে, জনাব এসএম বাদল, ইউনিয়ন পরিষদ সদস্য, উদয়পুর ইউনিয়ন পরিষদ, মোল্লারহাট উপজেলা- বিভিন্ন সময় স্থানীয় জনগণকে মধুমতি বিদ্যুৎ কেন্দ্র থেকে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য বিদ্যুৎ কেন্দ্র ও নওপাজেকো কর্তৃপক্ষকে ধন্যবাদ জানান এবং ভবিষ্যতে এধরণের সহযোগিতা অব্যাহত থাকবে মর্মে আশাবাদ ব্যক্ত করেন।

এছাড়া, জনাব শায়লা শওকত অন্তরা, এডমিন এক্সিকিউটিভ, সেম্বকর্প- উল্লেখ করেন, সেম্বকর্প-নওপাজেকো'র মালিকানাধীন বিদ্যুৎ কেন্দ্রটি সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্রের সাথে একই সীমানায় অবস্থিত বিধায় উভয় প্রতিষ্ঠানের কর্মকর্তা/ কর্মচারিদের সাথে সম্মিলিতভাবে Mock Fire Drill আয়োজন করা যেতে পারে। উক্ত প্রস্তাবে প্রধান প্রকৌশলী, সিরাজগঞ্জ বিদ্যুৎ কেন্দ্র ঐকমত্য পোষণ করেন। অতঃপর, সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী | বাস্তবায়ন লক্ষ্যমাত্রা |
|---|---|---|---|
| ১ | অংশীজন হিসেবে সভায় বিদ্যুৎ বিভাগ, বাবিউবো, পিজিসিবি, সুন্দরবন গ্যাস কোম্পানি লিঃ, পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিঃ, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন-এর পাশাপাশি ঠিকাদার, বিদ্যুৎ কেন্দ্র এলাকার স্থানীয় সরকার ও প্রশাসন এবং উন্নয়ন অংশীদারের প্রতিনিধিদের আমন্ত্রণের ধারাবাহিকতা অব্যাহত রাখা। | মানবসম্পদ বিভাগ/ সকল বিদ্যুৎ কেন্দ্র | যথাসময় |
| ২ | নির্ধারিত সময়ের মধ্যেই শুদ্ধাচার বিষয়ক প্রশিক্ষণ ও সেমিনার আয়োজন সম্পন্ন করা। | মানবসম্পদ বিভাগ | ৩০ জুন, ২০২৩ |
| ৩ | নির্ধারিত সময়ের মধ্যেই বাজেট বাস্তবায়নের বিষয়ে জোরদার পদক্ষেপ গ্রহণ ও প্রকল্পের ২টি পিআইসি সভা আয়োজন সম্পন্ন করা। | পিএন্ডডি বিভাগ/ প্রকল্প পরিচালকগণ | ৩০ জুন, ২০২৩ |
| ৪ | শুদ্ধাচার পরিকল্পনা বাস্তবায়ন বিষয়ক যথাযথ প্রমাণক সংগ্রহ করা। | মানবসম্পদ বিভাগ | নিয়মিত |

০৮-০৬-২০২৩
মোঃ আব্দুস সামাদ
নির্বাহী পরিচালক (প্রকৌশল)
৪৮১২১২৪৯
ed.engg@nwpgcl.gov.bd

তারিখ: ২৫ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ
০৮ জুন ২০২৩ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৭.২৮.০০০০.৫০১.০৬.০০১.২০.৬৬০

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। দপ্তর প্রধান (সকল), নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড।;
২। প্রধান প্রকৌশলী (সকল), নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড।;
৩। প্লান্ট ম্যানেজার (সকল), নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড। এবং
৪। প্রকল্প পরিচালক (সকল), নর্থ-ওয়েস্ট পাওয়ার জেনারেশন কোম্পানি লিমিটেড।।

Tasdid
১১-০৬-২০২৩
তাসদিদুল আনোয়ার
সহকারী ব্যবস্থাপক (পিএমএস)